

সুন্দরগঞ্জে ১৩ শিক্ষক-কর্মচারী গ্রেফতার হওয়ায় পরীক্ষা বন্ধ!

■ সুন্দরগঞ্জ (গাইবান্ধা) সর্বোদদাতা

উপজেলার সদর বহুমুখী দ্বাখিল মাদ্রাসার সুপারসহ ১৩ শিক্ষক-কর্মচারী নাশকতা মামলায় গ্রেফতার হওয়ায় অনতিদ্রুত হয়নি অর্ধবার্ষিক পরীক্ষা।

জানা গেছে, গত সোমবার সকালে উক্ত মাদ্রাসার সুপার আবুল হোসেনের বাড়ি দক্ষিণ ধুমাইটারী গ্রামে গোপন বৈঠক চলাকালে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ বাড়ি ঘেরাও করে সুপারসহ ১৩ শিক্ষক-কর্মচারীকে গ্রেফতার করায় গতকাল মঙ্গলবার ওই মাদ্রাসার ৩ শতাধিক শিক্ষার্থীর চলমান অর্ধবার্ষিক পরীক্ষা নেয়া হয়নি। এব্যাপারে মাধ্যমিক শিক্ষা অফিসার মাহমুদ হোসেন মওল জানান, পরীক্ষা না হওয়ার বিষয়টি আমার জানা নেই। থানা অফিসার ইনচার্জ মোজাম্মেল হক বলেন, নাশকতা, সহিংসতা ও পুলিশ ইত্যাদি মামলার পলাতক আসামি হওয়া সত্ত্বেও গ্রেফতারকৃতরা ওই বাড়িতে নতুন করে নাশকতা ও সহিংসতা চালানোর উদ্দেশ্যে গোপন বৈঠক করছিলেন। সংবাদ পেয়ে পুলিশ তাদের গ্রেফতার করেন। গতকাল মঙ্গলবার তাদের জেল হাজতে প্রেরণ করা হয়েছে।